



## ঢাকা বিশ্ববিদ্যালয়

### ‘বিজ্ঞান’ ইউনিট

২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির

### ভর্তি নির্দেশিকা

ভর্তি পরীক্ষা : ০১ অক্টোবর ২০২১, শুক্রবার, সকাল ১০:০০ থেকে ১১:০০ টা পর্যন্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের যথাক্রমে (১) ঢাকা কলেজ (২) কবি নজরুল সরকারি কলেজ (৩) ইডেন মহিলা কলেজ (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (৬) সরকারি বাঙলা কলেজ ও (৭) সরকারি তিতুমীর কলেজ এর বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা মহিলা কলেজের আসনসমূহ শুধুমাত্র মহিলা এবং ঢাকা কলেজের আসনসমূহ পুরুষ প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কলেজসমূহের ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।

কলেজগুলোর বিভাগসমূহের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নের ছকে উল্লেখ করা হলো (কোটা ব্যতীত)।

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) বিজ্ঞান ইউনিটে ভর্তির জন্য অধিভুক্ত কলেজসমূহের আসন সংখ্যা

কলেজ ও কলেজ কোড	ঠিকানা	বিষয়	আসন সংখ্যা	মোট আসন
ঢাকা কলেজ (১৮৪১)	মিরপুর রোড, নিউমার্কেট ঢাকা-১২০৫	পদার্থ বিজ্ঞান	১২০	১০৯০
		রসায়ন	১২০	
		গণিত	২১০	
		উদ্ভিদবিজ্ঞান	১২৫	
		প্রাণিবিদ্যা	১২৫	
		ভূগোল ও পরিবেশ	১২৫	
		মনোবিজ্ঞান	১২৫	
		পরিসংখ্যান	১৪০	
কবি নজরুল সরকারি কলেজ (১৮৭৪)	লক্ষ্মীবাজার সূত্রাপুর ঢাকা-১০০০	পদার্থ বিজ্ঞান	১০০	৬৩০
		রসায়ন	১০০	
		গণিত	১০০	
		উদ্ভিদ বিজ্ঞান	১০০	
		প্রাণিবিদ্যা	১০০	
		ভূগোল ও পরিবেশ	১৩০	
সরকারি বাঙলা কলেজ (১৯৬২)	মিরপুর-১ ঢাকা-১২১৬	পদার্থ বিজ্ঞান	১০৫	৭১৫
		রসায়ন	১৩০	
		গণিত	১৮০	
		উদ্ভিদবিজ্ঞান	১০৫	
		প্রাণিবিদ্যা	১২০	
		মৃত্তিকা বিজ্ঞান	৭৫	

কলেজ ও কলেজ কোড	ঠিকানা	বিষয়	আসন সংখ্যা	মোট আসন
সরকারি তিতুমীর কলেজ (১৯৬৮)	গুলশান ঢাকা-১২১৩	পদার্থ বিজ্ঞান	২৫০	১৫১০
		রসায়ন	২৫০	
		গণিত	৩০০	
		উদ্ভিদবিজ্ঞান	২৫০	
		প্রাণিবিদ্যা	২৫০	
		পরিসংখ্যান	৭০	
		ভূগোল ও পরিবেশ	৭০	
		মনোবিজ্ঞান	৭০	
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (১৯৭২)	লক্ষ্মীবাজার, সূত্রাপুর ঢাকা-১১০০	পদার্থ বিজ্ঞান	১০০	৭৪০
		রসায়ন	১২০	
		গণিত	১২০	
		উদ্ভিদবিজ্ঞান	১০০	
		প্রাণিবিদ্যা	১০০	
		ভূগোল ও পরিবেশ	১০০	
		মৃত্তিকা বিজ্ঞান	১০০	
ইডেন মহিলা কলেজ (১৮৭৩)	আজিমপুর ঢাকা-১২০৫	পদার্থ বিজ্ঞান	১২৫	১২২৫
		রসায়ন	১২৫	
		গণিত	২০০	
		উদ্ভিদবিজ্ঞান	১৫০	
		প্রাণিবিদ্যা	১৫০	
		ভূগোল ও পরিবেশ	১৬৫	
		পরিসংখ্যান	৫০	
		মনোবিজ্ঞান	১৪০	
		গার্হস্থ্য অর্থনীতি	১২০	
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (১৯৪৮)	বক্সি বাজার ঢাকা-১১০০	পদার্থ বিজ্ঞান	৬৫	৫৯০
		রসায়ন	৮৫	
		গণিত	৬৫	
		উদ্ভিদবিজ্ঞান	৫৫	
		প্রাণিবিদ্যা	৮০	
		ভূগোল ও পরিবেশ	৮০	
		মনোবিজ্ঞান	৮০	
		গার্হস্থ্য অর্থনীতি	৮০	
		মোট আসন	৬৫০০	৬৫০০

### প্রাথমিক আবেদন

- ১। 'বিজ্ঞান' ইউনিটের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উপর্যুক্ত সরকারি ৭টি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ১০ জুলাই ২০২১ বিকাল ৪:০০ টা হতে ২০ আগস্ট ২০২১ তারিখ রাত ১১:৫৯ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

২। ভর্তির আবেদন <https://collegeadmission.eis.du.ac.bd> ওয়েবসাইট এর মাধ্যমে করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর প্রয়োজ্য ক্ষেত্রে কোটার তথ্য এবং ওয়েবসাইটে উল্লেখিত সাইজের একটি ছবি প্রয়োজন হবে। আবেদনকারীকে দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের ( সোনালী, অগ্রণী, জনতা ও রূপালি) যেকোন শাখায় অথবা অনলাইনে যেকোন ডেবিট/ক্রেডিট কার্ড, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের ( বিকাশ / নগদ / রকেট ইত্যাদি) মাধ্যমে নির্ধারিত সময় সীমার মধ্যে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিতে হবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য <https://collegeadmission.eis.du.ac.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।

### ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩। প্রার্থীকে ২০১৫ থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২০ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় অথবা গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা কারিগরী শিক্ষা বোর্ডের বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level অথবা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ হতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা অর্থ্যাৎ নির্দেশিকার ১৯ নং ধারায় উল্লেখিত শর্ত পূরণ করতে হবে।

৪। ২০১৫ অথবা তার পরে পাসকৃত IGCSE O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০২০ সালের IAL/A-Level পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/O-Level এবং IAL/A-Level -এর সর্বশেষ পরীক্ষার সনকে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ২টি বিষয়ে অন্তত A গ্রেড, ৩টি বিষয়ে অন্তত B গ্রেড, অপর ২টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে (কোনো বিষয়েই D গ্রেড গ্রহণযোগ্য নহে) তারা ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য বিবেচিত হবে। সমতা নিরূপণের জন্য নির্ধারিত ফি সহ অনলাইনে আবেদন করতে হবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে:

A=5.0 B=4.0 C=3.5

এ-লেভেল/ও-লেভেল/সমমান বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য <https://collegeadmission.eis.du.ac.bd> ওয়েবসাইটে গিয়ে “সমমান আবেদন” বা “Equivalence Application” মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত “Equivalence ID” ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

### ভর্তি পরীক্ষা

৫। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা ০১ অক্টোবর ২০২১, শুক্রবার, সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার মোট সময় ১ ঘন্টা।

গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১০০ টি প্রশ্নের জন্য মোট নম্বর হবে ১০০।

৬। ক) ভর্তি পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যসূচি অনুযায়ী হবে এবং প্রত্যেক প্রার্থীকে পদার্থ ও রসায়নসহ মোট ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট নম্বর ২৫।

খ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। তবে কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।

গ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে উপর্যুক্ত ৪টি বিষয়ের মধ্যে যেসব বিষয় (সর্বোচ্চ দু'টি) অধ্যয়ন করেনি, তাদেরকে সেগুলোর পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় পূরণ করতে হবে।

ঘ) একজন শিক্ষার্থী কোন বিষয়ে ভর্তি হতে পারবে তা নির্ভর করবে সে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে কোন কোন বিষয়ে অধ্যয়ন করেছে তার উপর। বিজ্ঞান বিভাগ হতে উচ্চ মাধ্যমিকে পাসকৃতরা কেবলমাত্র বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। বিজ্ঞান বহির্ভূত বিষয়সমূহে ভর্তির জন্যও এটি প্রযোজ্য হবে।

৭। বিজ্ঞান ইউনিটের কোন পরীক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট বা বাণিজ্য ইউনিটের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। তবে যদি কোন শিক্ষার্থী বিজ্ঞান ইউনিট হতে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটের কোন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক হয় তাহলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অনলাইনে বিভাগ পছন্দক্রম ফরম পূরণের সময় তা উল্লেখ করতে হবে এবং অধিভুক্ত কলেজের বিধি মোতাবেক মেধার ভিত্তিতে আসন সংখ্যা অনুযায়ী বিভাগ নির্ধারণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

- ৮। ভর্তি পরীক্ষার পাস নম্বর ৪০। যারা ৪০ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।
- ৯। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ এবং লিখিত অংশের উত্তরপত্রের ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি MCQ পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে। উত্তরপত্রে Roll ও Serial না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। পরীক্ষায় কোনোপ্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ক্ল-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।
- ১১। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্ব থেকে বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (<http://collegeadmission.eis.du.ac.bd>) দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানতে পারবে।
- ১২। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।
- ১৩। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৪। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ১৫। পরীক্ষার্থীদের অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

### মেধাতালিকা ও ভর্তি

- ১৬। ক) মোট ১২০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধাতালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ; উচ্চ মাধ্যমিক/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় ১০০-তে প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে ১২০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধাতালিকা তৈরি করা হবে।
- খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :
- (১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর
  - (২) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4<sup>th</sup> Subject
  - (৩) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4<sup>th</sup> Subject
  - (৪) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4<sup>th</sup> Subject
  - (৫) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4<sup>th</sup> Subject
- ১৭। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধাতালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর ৭ (সাত) দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (<http://collegeadmission.eis.du.ac.bd>) প্রকাশ করা হবে। প্রার্থী এসএমএস এর মাধ্যমেও ফলাফল জানতে পারবে।
- ১৮। মেধাতালিকা প্রকাশের তারিখ থেকে ৫ কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে জমার রশিদসহ 'বিজ্ঞান ইউনিট' প্রধান (ডিন, বিজ্ঞান অনুষদ) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।
- ১৯। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা:

কলেজ	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার বিষয়/বিষয়সমূহ
সকল কলেজ	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান এবং গণিত
	গণিত	গণিত
	রসায়ন	রসায়ন এবং গণিত
	পরিসংখ্যান	গণিত
	উদ্ভিদবিজ্ঞান	জীববিজ্ঞান
	প্রাণিবিদ্যা	জীববিজ্ঞান
	মনোবিজ্ঞান	জীববিজ্ঞান
	ভূগোল ও পরিবেশ	-

মৃত্তিকা বিজ্ঞান	জীববিজ্ঞান এবং রসায়ন
গার্হস্থ্য অর্থনীতি	-

২০। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে কলেজ ও বিষয় পছন্দকরণ ফরম (College and Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (<https://collegeadmission.eis.du.ac.bd>) প্রকাশ করা হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC এর মূল নম্বরপত্র সংশ্লিষ্ট কলেজে জমা রাখা হবে।

### বিবিধ

- ২১। ৭টি কলেজে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) ওয়ার্ডকোটা, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধা (সন্তান, নাতি-নাতনি)কোটা: প্রার্থী যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক; অনলাইনে ভর্তি ফরম পূরণের সময়ে সেই কোটায় অবশ্যই টিক্ চিহ্ন দিতে হবে।
- ২২। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ২৩। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি-পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।
- ২৪। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**আবেদনের তারিখ:** ১০ জুলাই ২০২১ বিকাল ৪:০০ টা হতে ২০ আগস্ট ২০২১ তারিখ রাত ১১:৫৯

**পরীক্ষার তারিখ:** ০১ অক্টোবর ২০২১, শুক্রবার, সকাল ১০:০০ থেকে ১১:০০ টা পর্যন্ত

**ফল প্রকাশ:** ভর্তি পরীক্ষার ৭ দিনের মধ্যে

বিজ্ঞান ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলির জন্য যোগাযোগের ঠিকানা: ডিনের কার্যালয় বিজ্ঞান অনুষদ (কার্জন হল ক্যাম্পাস) বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদ ভবন, ৩য় তলা ঢাকা বিশ্ববিদ্যালয় ফোনঃ ০৯৬৬৬৯১১৪৬৩/৪৩৪৫/৪৩৪৬/৪৩৪৭	অনলাইনে আবেদন সংক্রান্ত যেকোনো তথ্য: কেন্দ্রীয় ভর্তি অফিস (কক্ষ নং ২১৪) প্রশাসনিক ভবন (রেজিস্ট্রার বিল্ডিং), ঢাকা বিশ্ববিদ্যালয় ফোনঃ ০৯৬৬৬৯১১৪৬৩/৪৩৪৫ ৫৫১৬৭৭২৪, ০১৭৪৩০৪২৮৬৪ ০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯
---	---